

করোনা ভাইরাস বা Covid-19 বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও মহামারী আকার ধারণ করেছে। এই মহামারী মোকাবেলাই সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের নির্মাণাধীন নতুন ভবনে সর্দি, কাশি এবং জ্বরে আক্রান্ত রোগীদের জন্য ফ্লু কর্ণার স্থাপন করা হয়েছে এবং কোন রোগীর শরীরে করোনা ভাইরাস বা Covid-19 রোগের লক্ষণ দেখা দিলে অন্যান্য সাধারণ রোগী থেকে সম্পূর্ণ আলাদা ভাবে রাখার জন্য সেন্ট্রাল অক্সিজেন সুবিধাসহ প্রি-আইসোলেশন ওয়ার্ড তৈরি করা হয়েছে। যেখানে Covid-19 রোগ সনাক্ত হওয়ার পূর্ব পর্যন্ত চিকিৎসা সেবা দেওয়া হবে। কোন রোগীর শরীরে Covid-19 রোগ সনাক্ত হলে তাকে সরকার নির্ধারিত চট্টগ্রাম জেনারেল হাসপাতাল অথবা ফৌজদারহাট বিআইটিআইডি তে রেফার করা হবে।

করোনা ভাইরাস বা Covid-19 এর চিকিৎসার কারণে সাধারণ রোগীদের জন্য চিকিৎসায় কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় তার জন্য এই ওয়ার্ড কে হাসপাতালের নির্মাণাধীন নতুন ভবনে সম্পূর্ণরূপে আলাদা করা হয়েছে। যেখানে দায়িত্বরত স্বাস্থ্যকর্মী ব্যতীত কেউ প্রবেশ বা বাহির হতে পারবে না। এই ওয়ার্ডে দায়িত্ব পালনের জন্য ডাক্তার, নার্স এবং স্বাস্থ্যকর্মীদের সমন্বয়ে ৪ টি টিম করা হয়েছে, যারা শুধুমাত্র করোনা ভাইরাস বা Covid-19 আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা দিবেন।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল একটি সম্পূর্ণ জনহিতকর, সেবামূলক, অরাজনৈতিক ও বেসরকারী দাতব্য প্রতিষ্ঠান। জনসাধারণের অর্থানুকূল্যে এটি পরিচালিত হয়ে আসছে। করোনা ভাইরাস বা Covid-19 এর আক্রান্তদের আইসিইউ সুবিধাসহ প্রয়োজনীয় আধুনিক চিকিৎসা সুবিধা এবং উক্ত ওয়ার্ডে দায়িত্বরত ডাক্তার, নার্স এবং স্বাস্থ্যকর্মী প্রয়োজনীয় সুবিধা প্রদানের লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ১,০০,০০০/- টাকার বাজেট কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদন দেয়া হয়। উক্ত বাজেট যোগানে সকল আজীবন সদস্য, সমাজের হিতৈষী দাতা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সহযোগীতার হাত বাড়িয়ে দেয়ার জন্য অনুরোধ জানানো হয়।

করোনা আক্রান্ত রোগীর জন্য আত্মমানবাতার সেবায় এগিয়ে এসে "চট্টগ্রাম মা শিশু ও জেনারেল হাসপাতাল" এই শিরোনামে দান করার জন্য কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে অনুরোধ জানানো হয়, হিসাব নং-২০৩০৭৩৫৫৫৫০৪২, আইএফআইসি ব্যাংক লিঃ, অগ্রাবাদ শাখা। আপনার সহযোগীতা একজন অসহায় রোগীর বাঁচার অবলম্বন হবে।